গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
প্রশাসন ও অর্থ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আগস্ট-২০২১ মাসের কার্যাবলির উপর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	০৯-০৯-২০২১ খ্রিঃ।
সভার সময়	বেলা ১৫.৩০ ঘটিকা।
স্থান	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের সকল পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক (সদর দপ্তর) ও ঢাকা, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) ও ঢাকাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ের বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	মুজিববর্ষ উদযাপন	সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনে গৃহীত সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সর্বোচ্চ মাত্রায় অগ্রাধিকার প্রদান করতে হবে এবং প্রতিটি বস্তি এলাকায় অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা ও দুর্ঘটনা সম্বন্ধে সচেতনতার নিমিত্ত সুবিধামত সময়ে বৃহৎ আকারে একটি মহড়ার আয়োজন করতে হবে। এসকল কর্মসূচি বাস্তবায়নে কোন শৈথিল্য গ্রহণযোগ্য নয় তাছাড়া গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের তথ্যাদি উল্লেখপূর্বক ৩০-০৯-২০২১ তারিখের মধ্যে পনেরো মিনিটের একটি ভিডিও ক্লিপ প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (সকল)
২.	ফায়ার সপ্তাহ-২০২১ উদযাপন	এসএসসি-২০২১ পরীক্ষা আরম্ভের সম্ভাব্য তারিখ ১৫ নভেম্বর ২০২১ হওয়ায় আগামী নভেম্বর/২০২১ মাসের ১০ তারিখের মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ/২০২১ আয়োজন করা যুক্তিযুক্ত হবে বিধায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের তারিখ এবং উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি নির্ধারণপূর্বক মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের বাণী সংগ্রহের কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৩.	বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি	বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমির জমি অধিগ্রহণপূর্বক ফায়ার সপ্তাহ-২০২১ উদ্বোধনের সময় একাডেমির ভিত্তিপ্রস্থর স্থাপন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ ও আগামী বুনিয়াদি প্রশিক্ষণ ফায়ার একাডেমিতে সম্পন্ন করার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ) এবং (পঃ উঃ প্রঃ)

৪.	প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি	সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত সাজসরঞ্জামাদির ব্যবহারবিধি ও অনুশীলন করতে হবে। তাছাড়া স্টেশনে বরাদ্দকৃত মালামাল টার্নআউটে সজ্জিতকরণ নিশ্চিত এবং সপ্তাহে ন্যূনতম একবার সাজ সরঞ্জামাদির সক্ষমতা পরীক্ষণপূর্বক পুনসজ্জিতকরণ করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক সাজ-সরঞ্জামাদির বিষয়ে নিয়মিত সতেজকরণ, এপিএ, ইনোভেশন, শুদ্ধাচার, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে জনপ্রতি ন্যূনতম ৬০ ঘন্টা প্রশিক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
৫.	বিভাগীয় মামলা নিষ্পত্তি	ন্যায় বিচার নিশ্চিতপূর্বক বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দ্রুততার সাথে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৬.	বিভাগীয় সদর ও গুরুত্বপূর্ণ স্টেশনে অস্থায়ী শেড নির্মাণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে সংগ্রহকৃত সাজ সরঞ্জামাদি সুষ্ঠুভাবে সংরক্ষণের জন্য প্রতিটি বিভাগীয় সদর দপ্তরে ০১টি, প্রস্তাবিত বিভাগীয় প্রশিক্ষণ কেন্দ্রে ০১টি, গুরুত্বপূর্ণ ফায়ার স্টেশনে ০১টি প্রতি বিভাগে মোট ০৩টি অস্থায়ী শেড নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
৭.	ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প ও অন্যান্য	গুণগত মান বজায় রেখে ডুবুরি ইউনিট প্রকল্পের সাজ-সরঞ্জামাদি সংগ্রহ করতে হবে। প্রকল্পে উল্লিখিত জনবল সৃজন ও যথাসময়ে ডুবুরিদের আধুনিক প্রশিক্ষণ প্রদান এবং ডুবুরি স্বল্পতা দূরীভূতকরণের লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। ডুবুরিদের উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণকালীন সেফটিরুলস পালনসহ জোড়ায় জোড়ায় কাজ নিশ্চিত করতে হবে। ফায়ার ফাইটারদের মধ্য হতে ডুবুরির কার্যক্রমে আগ্রহীদের বাংলাদেশ নৌবাহিনী হতে ডুবুরি প্রশিক্ষণ প্রদান করে ডুবুরির স্বল্পতা পূরণ করতে হবে। ফায়ার ফাইটারদের মধ্য হতে ডুবুরির কার্যক্রম করলে প্রণোদনা হিসেবে বিভাগীয় কল্যাণ তহবিল হতে প্রত্যেককে =২০০/- (দুইশত) টাকা প্রদান এবং সম্প্রতি শাহাদাত বরণকারী ডুবুরি জনাব আঃ মতিনকে ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট হতে সাহায্য প্রদান করতে হবে। সারাদেশে সুষ্ঠুভাবে নৌ-দুর্ঘটনা মোকাবিলার লক্ষ্যে জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় হতে অসম্মতিকৃত ডুবুরির অবশিষ্ট পদগুলো সৃজনের লক্ষ্যে মাঠপর্যায়ের সুপারিশসহ পুনপ্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)
৮.	উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন	চলমান বিভিন্ন প্রকল্পের কাজগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রম (১) বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপন, (২) কর্মকর্তা কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ভবন নির্মাণ, (৩) দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২৯টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন, (৫) ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৬) দেশের উত্তরাঞ্চলের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৯টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৭) দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৬০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে। তাছাড়া ৬০ দশকের ঝরাজীর্ণ ফায়ার স্টেশন পুনর্নির্মাণের নতুন প্রকল্প গ্রহণ এবং নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে স্টেশনের সামনের অংশ খালি রেখে পিছনের অংশে ভবন নির্মাণ ও ভিত্তি আছে এমন স্টেশনের ভার্টিক্যালি সম্প্রসারণ করতে হবে, যাতে খালি স্থান ভবিষ্যতে অন্যান্য কাজে ব্যবহার করা যায়। যে সকল ফায়ার স্টেশনে জমির পরিমাণ কম, সে সকল স্টেশনে জমির পরিমাণ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ) ও প্রকল্প পরিচালকবৃন্দ

৯.	পরিদর্শন	অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠপর্যায়ের কার্যালয় ও প্রকল্পের কার্যক্রম নিয়মিত পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে প্রতিটি শাখা/কার্যালয়ের জন্য আলাদা সুপারিশ উল্লেখ করতে হবে এবং সুপারিশসমূহ বাস্তবায়নের তদারকি করতে হবে।	পরিচালক (সকল)
১০.	পেনশন কেইস নিষ্পত্তি	পেনশন কেইস নিষ্পত্তিতে অধিদপ্তরের অর্জিত সুনাম বজায় রাখতে হবে। এ ব্যাপারে কল্যাণ কর্মকর্তাকে আরো উদ্যোগী হয়ে পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১১.	অধিগ্রহণকৃত জমির রক্ষণাবেক্ষণ	বরিশাল, খুলনা ও রাজশাহী বিভাগে প্রশিক্ষণ প্রদানের সুবিধার্থে প্রশিক্ষণ কেন্দ্রের বাউন্ডারীর চারপাশে অগ্রাধিকার ভিত্তিতে বাউন্ডারী দেয়াল তৈরি করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
১২.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	সুরক্ষা সেবা বিভাগ, অধিদপ্তর ও মাঠপর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন পরিদর্শন ও মূল্যায়ন নিশ্চিতকল্পে এসকল কার্যক্রমের সূচি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সূচি অনুযায়ী মন্ত্রণালয়ের পরিদর্শন টিম কর্তৃক যে কোনো কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন হতে পারে। সে জন্য সকলকে আরো সচেষ্ট হতে হবে।	পরিচালক (সকল)
১৩.	অগ্নি নির্বাপণ সামগ্রী সংগ্রহ	ভবিষ্যতে পাহাড়ী এলাকার অগ্নিসহ যে-কোনো দুর্ঘটনা মোকাবিলার জন্য টু-হুইলার গাড়ির পরিবর্তে ফোর হুইলার গাড়ি সংগ্রহ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১৪.	ফায়ার রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট এর জন্য ভবন নির্ধারণ	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ বছর মেয়াদী পোষ্ট গ্রাজুয়েট "ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি" কোর্স চালুর নিমিত্ত ফায়ার রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট হিসেবে সাময়িকভাবে ব্যবহার করার জন্য ট্রেনিং কমপ্লেক্স, মিরপুরে বিশ্ব ব্যাংকের অর্থায়নে নির্মিত ভবনে ফায়ার রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট নামে ব্যানার স্থাপন করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
১৫.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের অডিট কার্যক্রম সম্পন্নকরণের জন্য অডিট অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। তাছাড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট পত্রে উল্লিখিত তথ্যাদি অধিকতর যাচাইপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১৬.	স্থাবর সম্পত্তির রেকর্ড হালনাগাদকরণ	প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীদের নিয়োজিত করে বিভিন্ন দপ্তরের নামজারিহীন জমি নামজারীসহ হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতদ্বিষয়ে সংশ্লিষ্টদের আরো সক্রিয় হয়ে ৩০-১০-২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১৭.	সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ	সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে হ্যান্ডবিল, পোস্টার, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে দুর্যোগ/দুর্ঘটনা প্রতিরোধে করণীয় প্রচারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক (সকল)
১৮.	ক্রয় কার্যক্রম	ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়যোগ্য মালামাল অবশ্যই ই-টেন্ডারে ক্রয় ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে পিপিআর কঠোরভাবে অনুসরণ করতে হবে।	পরিচালক (সকল)
১৯.	ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যক্রম	ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে চুক্তিভিত্তিক যেকোনো নিয়োগ একসাথে ০১ বছরের উর্ধ্বে হবেনা। কার্যক্রম সন্তোষজনক হলে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি করা হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সবাইকে ঐক্যবদ্ধ হয়ে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করার নির্দেশনা ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতপূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন,
এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল

ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০১.২১.৬৬

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা ।

২) প্রকল্প পরিচালক (১৫৬/25 (সংশোধিত-৪৬)/১১ মডার্ন/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩) উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

৫) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

৬) সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৭) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।

৮) সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৯) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..(সকল)।

১০) সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১১) ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১২) সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।

১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।

১৬) এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৭) এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ/লিগ্যাল এন্ড স্টেট শাখা।

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)